

Schick® ম্যানস কর্নার



ছেলেদের টেইলার্স

পোশাকে একজন মানুষের ব্যক্তিত্ব ও প্রকাশ পায়। পোশাকই তার রুটির প্রকাশ ঘটায়। পোশাক যেকোনো মানুষের সৌন্দর্য বর্ধনে বিশেষ ভূমিকা রাখে। আর এ কারণেই নতুন নতুন ফ্যাশনের আবির্ভাব হচ্ছে।

একটি ছেলের পোশাক সুন্দর ও মানানসই করে তোলার কাজ হচ্ছে টেইলারের। টেইলারের কাজের নৈপুণ্যই পোশাকের সৌন্দর্য বাড়িয়ে তোলে।

বর্তমানে অনেক ভালো ভালো টেইলার্স আছে। যারা অত্যন্ত সুচারু ও নিখুঁতভাবে ছেলেদের পোশাক তৈরি করে থাকে। এদের মধ্যে কিছু আছে যারা বিশেষ ধরনের পোশাক তৈরিতে দক্ষ। আর কিছু আছে যারা সবধরনের পোশাকই তৈরি করে থাকে।

একটি পোশাক নিখুঁতভাবে তৈরির সঙ্গে সঙ্গে আরামদায়ক হওয়াও প্রয়োজনীয়। আর এই দু'ক্ষেত্রেই টেইলারের ভূমিকা অপরিসীম।

সুন্দর সেলাই করা পোশাকের ফিটিংস সঠিক হয়। যার ফলে পোশাকটি হয়ে ওঠে

আপনার শরীরের সঙ্গে মানানসই ও সুন্দর এবং আরামদায়ক।

টেইলারের কাছ থেকে কোনো পোশাক তৈরির সময় যে বিষয়টি সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ তা হলো ফিটিংস। এ ক্ষেত্রে আপনি যে ফিটিংস বা স্টাইলের পোশাক তৈরি করতে চাচ্ছেন সেই রকম কোনো পোশাক যদি আপনার থেকে থাকে তা টেইলারকে দেখিয়ে নেয়া ভালো।

এমন অনেক দোকান আছে যেখানে আপনি বিভিন্ন মান ও ডিজাইনের শার্ট পিস, প্যান্ট পিস বা সুট পিস পাবেন। এগুলোর মধ্যে এলিফ্যান্ট রোড, নিউমার্কেট, ইসলামপুর এলাকার দোকানগুলো বেশ জনপ্রিয়।

এছাড়া আপনি ব্র্যান্ডেড কোনো কাপড় কিনতে চাইলে যেমন রিড এন্ড টেইলর বা রেমন্ডস ইত্যাদিও কিনতে পারেন। এখন আমাদের দেশে অনেক বিদেশী এবং বড় বড় ব্র্যান্ডের শোরুম রয়েছে।

পছন্দের কাপড় দিয়ে আপনি আপনার মন মতো পোশাক তৈরি করতে পারেন। ঢাকায় বিভিন্ন এলাকায় অনেক জনপ্রিয় এবং দক্ষ টেইলার্স আছে। যারা অত্যন্ত নৈপুণ্যের সঙ্গে ছেলেদের শার্ট, প্যান্ট, সুট ইত্যাদি তৈরি করে থাকে।

এখন অনেকে পাঞ্জাবি এবং কাবলিও টেইলারদের কাছ থেকে তৈরি করিয়ে ব্যবহার করেন।

আপনি চাইলে অত্যন্ত সাশ্রয়ীমূল্যে মনের মতো শার্ট, প্যান্ট বা সুট টেইলার্স থেকে তৈরি করতে পারেন।

সাইমন মোহসিন
ছবি : সোহেল রানা রিপন

টেইলার্সের বাজার

শার্ট পিস, মূল্য : ১৫০-৮০০ টাকা (দেশী)
৬০০-২০০০ টাকা (বিদেশী ব্র্যান্ড)
সেলাই : ১৫০-৪০০ টাকা
প্যান্ট পিস, মূল্য : ২০০-১০০০ টাকা (দেশী)
৫০০ - ৩৫০০ টাকা (বিদেশী ব্র্যান্ড)
সেলাই : ২০০-৫০০ টাকা
সুট পিস, মূল্য : ১২০০ - ৩০০০ টাকা (দেশী)
সেলাই : ১৫০০ - ২৫০০ টাকা